

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৫০

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, হাদীসটি আমর বিন হারিস ও আওযা'ঈ এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن خَبَرَ عَمْرَةَ تَفَرَّدَ بِهِ عَمْرُو بْنُ الْحَارِثِ والأوزاعي

## আরবী

1350 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا هِلَّانِ بُنُ مُسْلِمٍ قَالَ: أَخْبَرَنَا اللَّيْثُ وَالْأَوْزَاعِيُّ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عُرْوَةَ وَعُمْرَةَ عَنْ الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَت: استُحِيضَت أُمُّ حَبِيبَةَ بِنْتُ جَحْشٍ وَهِي تَحْتَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ عَائِشَةَ أَنَّهَا قَالَت: استُحِيضَت أُمُّ حَبِيبَةَ بِنْتُ جَحْشٍ وَهِي تَحْتَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ لَ أَخْتُهَا زَيْنَبُ بِنِنتُ جَحْشٍ \_ سَبْعَ سنِينَ فَشَكَت ْ ذَلِكَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم فَقَالَ لَهَا: (لَيْسَتْ بِالْحَيْضَةِ وَلَكِنَّهُ عِرْقٌ فَاغْتَسِلِي وصَلِيّ) فَكَانَت ْ تَغْتَسِلُ لِكُلِّ وسلم فَقَالَ لَهَا: (لَيْسَتْ بِالْحَيْضَةِ وَلَكِنَّهُ عِرْقٌ فَاغْتَسِلِي وصَلِيّ) فَكَانَت ْ تَغْتَسِلُ لِكُلِّ مَسَلاّةٍ وَكَانَت ْ تَقْعُدُ فِي مِرْكَنِ أَخْتِها فَكَانَت ْ حُمْرَةُ الدَّمِ تَعْلُو الماء. الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1350 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৩৫০. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "যাইনাব বিনতু জাহশের বোন উন্মু হাবিবা বিনতু জাহশ রাদ্বিয়াল্লাহু আনহা আব্দুর রহমান বিন আওফের স্ত্রী ছিলেন। তার সাত বছর যাবৎ ইন্তিহাযা হচ্ছিল, ফলে তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে অভিযোগ করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বলেন, "এটা হায়েয নয় বরং এটি শিরাবাহিত রক্ত। অতএব তুমি গোসল করবে এবং সালাত আদায় করবে।" আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "তারপর উন্মু হাবীবা রাদ্বিয়াল্লাহু আনহা প্রত্যেক সালাতের জন্য তার বোন যায়নাব বিন জাহাশ রাদ্বিয়াল্লাহু আনহার গামলায় (বেসে) গোসল করতেন ফলে রক্তের লালিমা পানির উপর প্রাবল্যতা লাভ করতো।"[1]



## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৮২; সহীহ মুসলিম: ৩৩৪; আবূ দাঊদ: ২৯০; নাসাঈ: ১/১১৯; সুনান বাইহাকী: ১/৩৩১; মুসনাদুশ শাফি'ঈ: ১/৪০; হাকিম: ১/১৭৩; দারেমী: ১/১৯৬; আবূ আওয়ানা: ১/৩২০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৮৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন